



মূল পাতা

যোগাযোগ

লগ-ইন করুন

নিবন্ধিত হোন

ঢাকা, মঙ্গলবার, ৩১ জুলাই ২০০৭, ১৬ শ্রাবণ ১৪১৪, ১৫ রজন ১৪২৮
বর্ষ ৯, সংখ্যা ২৬৩, আপডেট : বাংলাদেশ সময় রাত ২টা ২৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

মহানগর

+ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

পরের সংবাদ ▶

ইউএনডিপি'র পরীক্ষামূলক প্রকল্প

তেজগাঁও থানায় চালু হচ্ছে নির্যাতিতদের জন্য সহায়তাকেন্দ্র

নিজস্ব প্রতিবেদক

বিপদে পড়ে থানায় আসা লোকদের সহায়তা দিতে গড়ে তোলা হচ্ছে 'নির্যাতিতদের সহায়তাকেন্দ্র'। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) অর্থায়নে পরীক্ষামূলকভাবে এ প্রকল্প চালু করা হচ্ছে রাজধানীর তেজগাঁও থানায়। আগামী নভেম্বর থেকে এর কার্যক্রম শুরু হচ্ছে বলে জানা গেছে। এ প্রকল্পের ফলাফল ভালো হলে পরে আরও থানায় এ ধরনের কেন্দ্র খোলা হবে।

পুলিশ সদর দপ্তরের সূত্র জানায়, এই সহায়তাকেন্দ্রে একই সঙ্গে অনেক সুবিধা থাকছে। যেমন কেউ আহত হয়ে এলে প্রথমে তার চিকিৎসা দেওয়া হবে। এরপর মনোযোগ দিয়ে তার অভিযোগ শুনে প্রয়োজনমতো আইনি ব্যবস্থা নেওয়া হবে। নির্যাতিত ব্যক্তি নিজের বাড়িতে যেতে নিরাপত্তাহীন বোধ করলে তাকে আশ্রয়কেন্দ্রে রাখা হবে। তার সমস্যা যতটা সম্ভব দূর করার পরই তাকে বাড়ি পাঠিয়ে দেওয়া হবে।

সূত্র জানায়, বিপদে পড়ে বেশির ভাগ মানুষ থানায় এসে কর্তব্যরত কর্মকর্তাদের কাছ থেকে ভালো ব্যবহার পান না। এ ছাড়া থাকে পদে পদে নানা হয়রানি। মামলা কোনোভাবে দায়ের করা হলেও তাগিদের অভাবে তদন্ত আর এগোয় না। এসব অবস্থা দূর করতেই সহায়তাকেন্দ্র গড়ে তোলা হবে।

ইউএনডিপি'র একজন কর্মকর্তা জানান, এসব সহায়তা পুলিশ বাহিনীর সদস্যরাই দেবেন। এ জন্য তাঁদের দেওয়া হবে বিশেষ প্রশিক্ষণ। পুরো কার্যক্রমে অর্থ জোগাবে ইউএনডিপি।

ফিচার পাতা

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

▶ নকশা

▶ আলোকিত চট্টগ্রাম

বিবিধ

⊗ আরো যা আছে

⊗ সকল ফিচার পাতা

⊗ আমাদের কথা

⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

১৪৮৫৭৯

জন পাঠক



[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.

Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**

[Privacy Policy](#) | [Terms & Conditions](#)